**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/25/2026 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস 287(G) নিষেধাজ্ঞাকে চ্যালেঞ্জ করা মামলা নিয়ে বিবৃতি প্রকাশ করলেন

15টি কাউন্টির শেরিফ ইউনাইটেড স্টেটসের (U.S.) ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের (Immigration and Customs Enforcement, ICE) সাথে করা 287(g) চুক্তির উপর Local Cops, Local Crimes Act-এর নিষেধাজ্ঞাকে চ্যালেঞ্জ করে মামলা দায়ের করার পর গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্কের (New York) অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) আকে নিম্নলিখিত বিবৃতি প্রকাশ করেছেন:

"শুরু থেকেই আমরা বলে আসছি, জননিরাপত্তার সংস্থান যাতে আমাদের কমিউনিটিতে অপরাধ দমনে ব্যবহৃত হবে, ICE-এর কাজ সম্পাদনে নয় তা নিশ্চিত করার মাধ্যমে 'Local Cops, Local Crimes Act' নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখবে। ফেডারেল সরকার দাবি করছে যে তারা 'সব থেকে ভয়ংকর অপরাধীদের' বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে, কিন্তু প্রত্যেক আমেরিকানই বাস্তবতা দেখেছেন: ICE নির্বিচারে অভিযান চালিয়ে কমিউনিটি ও পরিবারকে আতঙ্কিত করছে, অপরাধের রেকর্ড বিবেচনা না করেই মানুষকে আটক করছে, এবং প্রশাসনের ব্যাপক ডিপোর্টেশন এজেন্ডা বাস্তবায়নে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের ব্যবহার করছে।

এই চুক্তির মধ্যে থাকা 12টি সত্তার অনেকগুলিই কোনো ঘটনা ছাড়াই তা মান্য করছে এবং নিউ ইয়র্কের আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ ICE-এর সাথে কোনো সহযোগিতা ছাড়াই ইতিমধ্যে সফলভাবে নিজেদের কমিউনিটিকে সুরক্ষা দিতে পারছিলো। এই শেরিফরা একই উপায়ে কাজ করতে পারবেন না এমন দাবি আইনটি নয় বরং তাদের নিজেদের সীমার কথা বলে।

এই মামলা ট্যাক্সপেয়ারদের অর্থের নিছক অপচয় ছাড়া আর কিছুই নয়। আদালত ইতিমধ্যেই একবার এই আইন স্থগিত করতে অস্বীকৃতি জানিয়েছে এবং আমরা আত্মবিশ্বাসী যে তারা আবার তা করবে। এর মধ্যে, আমরা আশা করি নিউ ইয়র্কের সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি স্টেটের আইন মেনে চলবে।"

###

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।